

Government of West Bengal
Food & Supplies Department
11A, Mirza Ghalib Street, Kolkata – 700 087

Memo. No. ৩৮২৭ - FNS/17013/1/2021/IT SEC

Dated - ১৫/৯/২৩

প্রতি-

- ১) সকল উপ- অধিকর্তা, সংভাগ অধিকার
- ২) সকল খাদ্য নিয়ামক

বিষয়: ডেমোগ্রাফিক অথেনটিকেটেড রেশন কার্ডের eKYC।

রেশন ব্যবস্থার মধ্যে আরও স্বচ্ছতা আনতে এবং প্রকৃত উপভোক্তার রেশন সুনিশ্চিত করার জন্য, খাদ্য দপ্তর শুধুমাত্র eKYC ব্যবস্থার মাধ্যমে রেশন কার্ডের সাথে আধার লিঙ্ক করার সিদ্ধান্ত নিয়েছে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, এই মুহূর্তে সারা রাজ্যে প্রায় 2.14 কোটি রেশন কার্ড ডেমোগ্রাফিক অথেনটিকেশন প্রক্রিয়ার মাধ্যমে আধারের সাথে যুক্ত করা রয়েছে।

এই পরিপ্রেক্ষিতে আপনাদের অনুরোধ করা হচ্ছে, যাতে যে সমস্ত গ্রাহকের রেশন কার্ড ডেমোগ্রাফিক অথেনটিকেশন প্রক্রিয়ার মাধ্যমে আধারের সাথে যুক্ত রয়েছে, সেই সমস্ত গ্রাহকের eKYC করার জন্য সমস্ত ডিলার মহোদয় গণ বিশেষ ভাবে উদ্যোগী হন।


১) খাদ্যশস্য বিতরণের সময়, পরিবারের সদস্য (গুলি) যাদের রেশন কার্ড ডেমোগ্রাফিক অথেনটিকেশন প্রক্রিয়ার মাধ্যমে আধারের সাথে যুক্ত রয়েছে তাদের রেশন কার্ড ePoS এ "নীল" রঙে দেখানো হবে। যদি পরিবারের কোনো নীল রঙ যুক্ত সদস্য রেশন দোকান থেকে খাদ্য শস্য আধার প্রমাণীকৃত লেনদেনের মাধ্যমে গ্রহণ করেন, সেক্ষেত্রে তাঁর eKYC স্বয়ংক্রিয়ভাবে সম্পন্ন হবে। এই বিষয়ে রেশন ডিলারদের কোন অতিরিক্ত প্রচেষ্টার প্রয়োজন নেই।

কিন্তু যদি সেই পরিবারের নীল রঙ যুক্ত সদস্য ব্যতীত অন্য কোনও সদস্য খাদ্যশস্য নিতে আসেন, সেক্ষেত্রে রেশন ডিলার, রেশন সরবরাহ করার পরে, তাঁর পরিবারের নীল রঙের সদস্য দের নতুন করে আধার লিঙ্ক করার জন্য রেশন দোকানে পাঠাতে অনুরোধ করবেন। এই নীল রঙের রেশনকার্ড গ্রাহক eKYC-এর জন্য রেশন দোকানে আসলে, রেশন ডিলার ePoS-এর "Seeding & Reactivation" মডিউল ব্যবহার করে রেশন গ্রাহকের eKYC করবেন।

রেশন ডিলাররা বর্তমান বিলিং ব্যবস্থা অনুযায়ী রেশন কার্ড প্রতি 2.50 হিসেবে eKYC করার জন্য পারিশ্রমিক পাবেন।

২) এছাড়াও, দপ্তরের পরিদর্শক এবং BSK-এর অপারেটর দ্বারা ব্যবহৃত eKYC ব্যবস্থায় প্রয়োজনীয় পরিবর্তন করা হয়েছে, যার ফলে ডেমোগ্রাফিক অথেনটিকেশন প্রক্রিয়ার মাধ্যমে আধার যুক্ত হওয়া রেশন কার্ড নীল রঙে দেখানো হবে, যাতে খাদ্য পরিদর্শক /BSK অপারেটর eKYC করতে পারে।

৩) রেশন কার্ড ধারী নিজেও বিভাগীয় পোর্টালের মাধ্যমে আধার লিঙ্কযুক্ত মোবাইলে OTP এর সাহায্যে eKYC করতে পারবেন।


অতিরিক্ত সচিব

খাদ্য দপ্তর

Memo. No. ৩৮২৭ - FNS/17013/1/2021/IT SEC

Dated - ১৫/৯/২৩

সকলের জ্ঞাতার্থে প্রতিলিপি প্রেরণ করা হল-

1. প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার অনুরোধ সহ মুখ্য নির্বাহী আধিকারিক, WTL।
2. অধিকর্তা, জেলা বণ্টন, আসাদন ও সরবরাহ অধিকার,
3. অধিকর্তা, সংভাগ অধিকার
4. কারিগরি অধিকর্তা, জাতীয় তথ্য বিজ্ঞান কেন্দ্র।
5. ও এস ডি রিফরম (সেল)।
6. প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার অনুরোধ সহ, আঞ্চলিক ব্যবস্থাপক, লিঙ্কওয়েল টেলিসিস্টেম প্রাইভেট লিমিটেড।
7. মাননীয় ভারপ্রাপ্ত মন্ত্রীর ব্যক্তিগত সচিব,
8. মাননীয় ভারপ্রাপ্ত প্রতিমন্ত্রীর ব্যক্তিগত সচিব
9. খাদ্য সচিবের ঊর্ধ্বতন ব্যক্তিগত সহায়ক,
10. খাদ্য দপ্তরে সচিবের ব্যক্তিগত সহায়ক, (Food & Procurement)।
11. খাদ্য দপ্তরে সচিবের ব্যক্তিগত সহায়ক (IT &R)।


অতিরিক্ত সচিব

খাদ্য দপ্তর